# রাজশাহী সিটি কর্পোরেশন
নগর ভবন, রাজশাহী

শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি

**বিষয় ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের যোগাযোগ স্থায়ী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব বেলাল আহম্মেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ ও সভাপতি যোগাযোগ স্থায়ী কমিটি রাজশাহী সিটি কর্পোরেশন। |
| তারিখ | ঃ | ২২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |
| সময় | ঃ | দুপুর ১২:০০ ঘটিকায় |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলী মহোদয়ের দপ্তরকক্ষ। |

সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তা বৃন্দের উপস্থিতি নিম্নরুপঃ

- জনাব বেলাল আহম্মেদ — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ ও সভাপতি, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ রজব আলী — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০১ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ কামাল হোসেন — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব মোঃ আলাউদ্দীন — সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩০ ও সদস্য, যোগাযোগ স্থায়ী কমিটি, রাসিক।
- জনাব আহমদ আল মঈন — নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুরোধ ক্রমে প্রধান প্রকৌশলী ও সদস্য সচিব সভার কাজ শরু করেন। প্রধান প্রকৌশলী সভাপতি মহোদয় সহ সভায় উপস্থিতি অন্যান্য সদস্য, কাউন্সিলর ও কর্মকর্তাদের স্বাগত জানান। সে সাথে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) কে আলোচ্যসূচী ধরে সভা উপস্থাপনের অনুরোধ জানান।
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) সভায় উপস্থিত সভাপতি মহোদয় সহ সম্মানিত কাউন্সিলর, প্রধান প্রকৌশলী ও উপস্থিত কর্মকর্তাবৃন্দদের স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী সকলকে অবহিত করেন। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) মহোদয় বলেন যে, সিটি কর্পোরেশন এলাকায় সড়ক ও সড়কের সংযোগস্থলের সুষ্ঠু ব্যবস্থাপনা, পার্কিং এলাকা ও উহার ব্যবস্থাপনা, সড়ক নিরাপত্তাসহ পরিবহন ব্যবস্থা ও ট্রাফিক ব্যবস্থাপনা কার্যক্রম তদারকি ও পরামর্শ প্রদান সহ নানাবিধ কার্যক্রমের সুপারিশ, পরামর্শ, উদ্যোগ গ্রহণ করতে পারে। রাজশাহী মহানগরীর জানযট নিরসনে সুদূরপ্রসারী সিদ্ধান্তে গ্রহণের জন্য আলোচ্যসূচীর ওপর আলোচনা পেশ করার জন্য সভার উপস্থিত সকলক অনুরোধ করেন।

আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরুপঃ

<u>আলোচ্যসূচী ১:</u> <u>জনসাধরনের সুবিধায় নওদাপাড়াস্থ আর.ডি.এ এর কেন্দ্রীয় বাস টার্মিনালে শিরোইল টার্মিনাল স্থানান্তর সহ রাসিকের তত্ত্বাবধানে পরিচালনা প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ গ্রহণ।</u>

**আলোচনা :** সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) বলেন যে, রাজশাহী মহানগরীর যানজট ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। রাজশাহী মহানগরীর নওদাপাড়ায় আর.ডি.এ কর্তৃক নির্মিত ও পরিচালিত কেন্দ্রীয় বাস টার্মিনাল রয়েছে। উক্ত টার্মিনালটি মহানগরীর রজশাহী বাইপাস সংলগ্ন। শিরোইল বাস টার্মিনালটি নওদাপাড়ায় স্থানান্তর করা হলে মহনগরীর গ্রেটার রোডটি বাসমুক্ত হবে এবং যানজট সমস্যা অনেকাংশে নিরসন সম্ভব হবে। এ সংক্রান্ত বিষয়ে মাননীয় মেয়র মহোদয় একাধিকবার বাস, মালিক শ্রমিক প্রশাসন এবং আরডিএ কে নির্দেশ প্রদান করেছেন। সম্মানিত কাউন্সিলর জনাব কামাল হোসেন প্রস্তাব করেন যে টার্মিনালটি রাসিকের তত্ত্বাবধানে নিয়ে আসলে সে ক্ষেত্রে রাজশাহী সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পেতে পারে। সেক্ষেত্রে তিনি ঢাকা সিটি কর্পোরেশনের উদাহরণ তুলে ধরেন উল্লেখ করেন যে, ঢাকা সিটি কর্পোরেশন গাবতলী বাস স্ট্যান্ড নিজেদের তত্ত্বাবধানে পরিচালনা করে থাকেন।

আলোচনার এই পর্যায়ে ৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ কামাল হোসেন বলেন নওদাপাড়া বাস টার্মিনাল আর.ডি.এ এর ভূমির ওপর প্রতিষ্ঠিত হলেও টার্মিনালের বিভিন্ন কাজ রাজশাহী সিটি কর্পোরেশনের নিজস্ব খরচে সম্পাদন করা হয়। যার ফলে

টার্মিনালটির পরিচালনার দায়িত্ব সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে হস্তান্তরের জন্য তিনি সুপারিশ প্রদান করেন। তিনি আরও উল্লেখ করেন যে, নিউমার্কেট এর সামনের রাস্তাটি আর.ডি.এ কর্তৃক নির্মিত হলেও সিটি কর্পোরেশন কে রক্ষণাবেক্ষণ এর জন্য হস্তান্তর করা হয়েছে। এরুপ পদ্মা আবাসিক এলাকাটির রাস্তা, ড্রেন, হোল্ডিং সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হয়েছে। কমিটির অন্যতম সদস্য জনাব আলাউদ্দিন, সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর ওয়ার্ড নং-৩০ জানান যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এখন ঢাকার অদূরে হেমায়েতপুরে গাবতলী টার্মিনাল স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করেছে। এরুপ রাজশাহী শহরের অদূরে অন্তত ৩টি বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

সম্মানিত সভাপতি ও ১৬ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব বেলাল আহম্মেদ বলেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ এবং জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধিতে মহানগরকে ভবিষ্যতে যানজট মুক্ত রাখতে শহরের অদূরে পূর্ব, পশ্চিম ও উত্তর দিকে রাসিকের নিজস্ব তত্ত্বাবধানে জায়গা অধিগ্রহণ করে অত্যাধুনিক মানের ৩টি টার্মিনাল প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করা যায়। এতে রাসিকের রাজস্ব আয় বৃদ্ধির পাশাপাশি যানজট নিরসনে এবং মহানগরীর বিভিন্ন রাস্তায় যত্র তত্র বাস, ট্রাক ইত্যাদি পার্কিং থেকে জনসাধারণ মুক্তি পাবে।

**সিদ্ধান্ত :** শিরোইল টার্মিনালের মটরযানসমূহ নওদাপাড়াস্থ টার্মিনালে স্থানান্তর, নওদাপাড়া টার্মিনালটি রাজশাহী সিটি কর্পোরেশনের অনুকূলে হস্তান্তরের উদ্যোগ গ্রহণ এবং এর প্রস্তাবিত বর্ধিত সিটি এলাকায় পূর্ব, পশ্চিম ও উত্তরে ভূমি অধিগ্রহণ করে ৩টি অত্যাধুনিক বাস ও ট্রাক টার্মিনাল নির্মাণের পরিকল্পনা গ্রহণের বিষয়ে আগামী সাধারন সভায় আলোচনার সুপারিশ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

<u>আলোচ্যসূচী ২:</u> **<u>রাসিকের নিজস্ব যানবাহন/যন্ত্রপাতিতে ব্যবহারের জন্য নিজস্ব ব্যবস্থাপনায় জ্বালানী সরবরাহের উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সুপারিশ গ্রহণ।</u>**

**আলোচনা :** নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) বলেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের যানবাহন/যন্ত্রপাতিসমূহ কর্মকর্তা পর্যায়ে দাপ্তরিক কাজ সম্পাদন, সড়ক আলোকায়ন, সবুজায়নে গাছপালা পরিচর্যা, আবর্জনা অপসারণ ও রাসিকের নিজস্ব উন্নয়নমূলক কাজে ব্যবহার হয়ে থাকে। এ সকল যানবাহন/যন্ত্রপাতিতে রাসিকের চুক্তিবদ্ধ পাম্প হতে জ্বালানী সরবরাহ নেওয়া হয়ে থাকে। এতে প্রতিমাসে প্রায় ২২ হাজার লিটার ডিজেল ও ৪ হাজার লিটার পেট্রোল খরচ হয়। তিনি আরও বলেন যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশন তাদের নিজস্ব তত্ত্বাবধানে নিজস্ব ব্যবস্থপনায় সরকার কর্তৃক নির্ধারিত কমিশন সহ ক্রেডিটে মূল্য পরিশোধ করা হয়। নিজস্ব ডিপো হলে অগ্রীম পে-অর্ডারের মাধ্যমে অর্থ পরিশোধ করলে কমিশন ব্যয় এবং সিস্টেম লস কমে আসবে এতে ব্যয় হ্রাস পাবে পক্ষান্তরে নিজস্ব যানবাহনে জ্বালানী সরবরাহে শৃঙ্খলা বজায় রাখা সহজ হতে পারে। এতে জ্বালানীর মান সঠিক পাওয়া যেতে পারে।

উল্লেখ্য স্থানীয় রাজশাহী বিশ্ববিদ্যালয় তাদের নিজস্ব ব্যবস্থাপনায় জ্বালানী সরবরাহ করে থাকে। অনুরুপভাবে রাজশাহী সিটি কর্পোরেশন নিজস্ব ব্যবস্থাপনায় কনজ্যুমার লাইসেন্স গ্রহণ করে জ্বালানী সরবরাহের ব্যবস্থা গ্রহণ করলে কমপক্ষে ৫% জ্বালানী ব্যয় সাশ্রয় এবং সিটি কর্পোরেশনের রাজস্ব ব্যয় হ্রাস পেতে পারে। উপস্থিত সদস্যবৃন্দের বিস্তারিত আলোচনায় অংশ নেন এবং একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** জ্বালানী ব্যয় সাশ্রয়ের নিজস্ব ব্যবস্থাপনায় বিস্ফোরক অধিদপ্তর হতে কঞ্জুমার লাইসেন্স গ্রহণ করে যান্ত্রিক শাখার প্ল্যান্ট এরিয়ায় জ্বালানী ডিপো স্থাপনের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<u>আলোচ্যসূচী ৩:</u> বিবিধ

**আলোচনা:** সভার সভাপতি মহোদয় বলেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের এ্যাসফাল্ট প্ল্যান্ট এর পাশে ৫ একর জায়গা অধিগ্রহণ করা হয়েছে। যেখানে এখনও সীমানা প্রাচীর নির্মাণ শুরু হয়নি। এ্যাসফল্ট প্ল্যান্ট এরিয়া এনেক্স বিল্ডিং এ দাপ্তরিক

নিরাপত্তার স্বার্থে দ্রুততার সাথে জায়গাটিতে সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রকল্প পরিচালক অবহিত করার বিষয়ে মত প্রকাশ করেন।

আলোচনায় যোগাযোগ স্থায়ী কমিটির অপর সদস্য ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং-৩০ জনাব মোঃ আলাউদ্দীন বলেন যে, রাজশাহী শহরের আলিফ লাম মীম ভাঁটা বাইপাস রোড দিয়ে প্রতিদিন হেভি ওয়েট ডাম্প ট্রাকে করে বালু পরিবহন করা হয়। ডাম্প ট্রাক গুলোতে ধারণ ক্ষমতার অতিরিক্ত বালু বহন করা হয় যা রাস্তার ধারণ ক্ষমতাও অতিক্রম করে রাস্তার ক্ষতি সাধন করছে। এছাড়া ডাম্প ট্রাকগুলো থেকে বালু পড়ে প্রতিনিয়ত রাস্তাকে অপরিচ্ছন্ন করছে। রাস্তাটি পরিস্কার করতে সিটি কর্পোরেশনের জ্বালানী ও আনুসাঙ্গিক ব্যয় বৃদ্ধি পাচ্ছে। উপযুক্ত কর্তৃপক্ষের সহিত আলোচনার প্রেক্ষিতে বালিবাহি ডাম্প ট্রাকগুলো থেকে নিয়মিত টোল আদায়ের বিষয়ে আইনসম্মত প্রক্রিয়া বাস্তবায়নের সুপারিশ প্রদান করেন।

সভায় সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর-০৩ ও যোগাযোগ স্থায়ী কমিটির সদস্য জনাব মোঃ কামাল হোসেন উল্লেখ করেন যে, রাজশাহীর সৌন্দর্য্য পরিদর্শনে দেশের বিভিন্ন সিটি কর্পোরেশন হতে কর্মকর্তা, কাউন্সিলর এবং অন্যান্য দেশী-বিদেশী, অফিসিয়াল ব্যক্তিবর্গ সিটি কর্পোরেশনের অতিথি হয়ে এসে থাকেন। সিটি কর্পোরেশনের কাউন্সিলর, কর্মকর্তাগণের সহিত পারস্পারিক শিক্ষণের অংশ হিসেবে আগত কাউন্সিলর, কর্মকর্তাগণকে নিয়ে শহরের বিভিন্ন স্থান পরিদর্শনে সফর করতে হয়। সিটি কর্পোরেশনের অধিক আসন বিশিষ্ট কোন যানবাহন না থাকায় এতে বিব্রতকর অবস্থায় পড়তে হয়। এছাড়া বিভিন্ন দাপ্তরিক প্রয়োজনে, নগর ভবনের বিভিন্ন সভায় ও উন্নয়নমূলক কাজ পরিদর্শন ও বিভিন্ন স্থানে যাতায়াতে দাপ্তরিক কাজের সুবিধার্থে ব্যবহারের জন্য ০১টি ২৪ সিটের কোস্টার মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। প্রধান প্রকৌশলী মহোদয় এ প্রসঙ্গে উল্লেখ করেন যে, উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে মাইক্রোবাস ক্রয়ের অংগ রয়েছে। কিন্তু সরকারের কৃচ্ছতা সাধনে সহসায় ক্রয় সম্ভব হচ্ছে না। বিস্তারিত আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্তে সকলে একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ**

১। এ্যাসফাল্ট প্ল্যান্ট এরিয়ার নিরাপত্তায় সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধে সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২। আলিফ-লাম-মীম ভাটা হতে বিহাস বাইপাস রোডে চলাচলকারী বালিবাহি ডাম্প ট্রাকের নিকট টোল আদায়ের আইনগত দিক বিবেচনা করে টোল আদায়ের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৩। সরকার/মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ স্থাপন করে প্রকল্প ব্যয়ে কোস্টারসহ প্রয়োজনীয় যানবাহন ক্রয়ের প্রক্রিয়া অব্যহত রাখার সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভার সভাপতি উল্লেখ করেন যে, মাননীয় মেয়র মহোদয়ের নেতৃতে তার সঠিক দিক নির্দেশনায় পরিকল্পিত রাজশাহী মহানগর গড়ায় প্রত্যয় ব্যক্ত করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(বেলাল আহম্মেদ)

সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং ১৬
ও
সভাপতি, যোগাযোগ স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১২.৫০৮১.০০৬.০৬.৫৩১.২৩.১৭৫ তারিখ : ২৪.১২.২০২৩খ্রি.

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। জনাব/বেগম ------------------------------------------------------------------------সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং ---------------, রাজশাহী সিটি কর্পোরেশন।

(মোঃ নূর ইসলাম)
প্রধান প্রকৌশলী ও
সদস্য-সচিব
যোগাযোগ স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১২.৫০৮১.০০৬.০৬.৫৩১.২৩.১৭৫ তারিখ : ২৪/১২/২০২৩খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

২। বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। উপ-সচিব (চলতি দায়িত্ব), রাজশাহী সিটি কর্পোরেশন, তাঁকে পরবর্তী সাধারণ সভায় বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।

৫। মাননীয় মেয়র এর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (ইহা মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন, (ইহা প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।

৭। অফিস নথী।

(মোঃ নূর ইসলাম)
প্রধান প্রকৌশলী ও
সদস্য-সচিব
যোগাযোগ স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন।